কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
**Cumilla Palli Bidyut Samity-4**
লাকসাম, কুমিল্লা।
**web: www.pbs4.comilla.gov.bd. e-mail: comillapbs4@gmail.com**

ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.১৯৭২.৫৭৬.০২.০০৮.২৫. ২৮৬৮ তারিখঃ ০২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ
১৯ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এ নিম্নবর্ণিত সহকারী ক্যাশিয়ার, ড্রাইভার ও কেয়ার টেকার এর শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগের নিমিত্ত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | বয়স সীমা | পদের সংখ্যা | যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সব এলাকার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|
| সহকারী ক্যাশিয়ার | পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৮,৩০০.০০ - ৪৬,২৪০.০০ টাকা ও নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি । | ১৮ হতে ৩২ বছর (৩০/০৬/২০২৫ খ্রিঃ তারিখে) | ০৩ (তিন) টি (কম/ বেশী হতে পারে) | ক) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।<br>খ) কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) শব্দ ও ইংরেজীতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>গ) প্রার্থীকে গণিতে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং অফিস যন্ত্রপাতিসমূহ পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>ঘ) সহকারী ক্যাশিয়ার পদে নির্বাচিত প্রার্থীকে জামানত হিসাবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে। যা সন্তোষজনক ভাবে চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরত প্রদান করা হবে।<br>ঙ) প্রার্থীকে অবশ্যই ভদ্র ও আন্তরিকভাবে জনসাধারণের সাথে কাজ করা/কথা বলার গুনাবলী সম্পন্ন হতে হবে।<br>চ) প্রার্থীর পাবিারিক স্বচ্ছলতা সরেজমিনে পরিদর্শক পূর্বক যাচাই করা হবে। | কুমিল্লা পবিস-৪ এর ভৌগোলিক এলাকা অর্থাৎ কুমিল্লা জেলার লাকসাম (লাকসাম পৌরসভা ব্যতিত), নাঙ্গলকোট ও মনোহরগঞ্জ উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীগন আবেদন করতে পারবেন না। |
| ড্রাইভার | পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৬,৬০০.০০- ৪১,৯৫০.০০ টাকা ও নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি । | ১৮ হতে ৪৫ বছর (৩০/০৬/২০২৫ খ্রিঃ তারিখে) | ০১ (এক) টি (কম/ বেশী হতে পারে) | (ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। এছাড়া বিভিন্ন রকম নির্দেশিকা, নির্দেশনা ও চিহ্ন পড়তে বুঝতে সক্ষম হতে হবে। এছাড়াও বিভিন্ন রিপোর্ট ও সিডিউল পূরণে সক্ষম হতে হবে। গাড়ীর সকল নির্দেশনাবলী ইংরেজীতে থাকায় ইংরেজী অক্ষর ও নাম্বারিং পড়তে সক্ষম হতে হবে।<br>(খ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত গাড়ী চালানোর ন্যূনতম হালকা যান চালানোর ড্রাইভিং লাইসেন্স (স্মার্ট কার্ড) থাকতে হবে।<br>(গ) যে কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান অথবা বৃহৎ শিল্প/বাণিজিক প্রতিষ্ঠানে গাড়ী চালানো ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা সনদ (ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর) জমা প্রদান করতে হবে।<br>(ঘ) বিগত ০৩ বছরের মধ্যে বড় ধরণের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র সহ ভাল ড্রাইভিং-এর অভিজ্ঞতা সনদ জমা প্রদান করতে হবে।<br>(ঙ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক ব্যবহারিক ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে (লিখিত পরীক্ষা হবে ছোট ধরণের ইঞ্জিন রিপেয়ারিং, টিউন-আপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে)।<br>(চ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্বসম্পন্ন হতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য ও চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | |

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | বয়স সীমা | পদের সংখ্যা | যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সব এলাকার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|
| কেয়ার টেকার | পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৫,৫০০.০০ - ৩৯,১৭০.০০ টাকা ও নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি। | ১৮ হতে ৩২ বছর (৩০/০৬/২০২৫ খ্রিঃ তারিখে) | ০১ (এক) টি (কম/ বেশী হতে পারে) | (ক) এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>(গ) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন এবং অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>(ঘ) যে কোন প্রতিষ্ঠানে কেয়ার টেকার হিসেবে ০৪(চার) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। | কুমিল্লা পবিস-৪ এর ভৌগোলিক এলাকা অর্থাৎ কুমিল্লা জেলার লাকসাম (লাকসাম পৌরসভা ব্যতিত), নাঙ্গলকোট ও মনোহরগঞ্জ উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীগন আবেদন করতে পারবেন না। |

**শর্তাবলী ঃ**

০১॥ উল্লেখিত যে কোন পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর ওয়েবসাইট **www.pbs4.comilla.gov.bd** অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট **www.reb.gov.bd** হতে A-4 সাইজের কাগজে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পূরণ করতঃ আগামী ৩০/০৬/২০২৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, লাকসাম, কুমিল্লা এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে/সাদা কাগজে/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ

ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।
খ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
ঘ) প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
ঙ) ছবির পিছনে প্রার্থীর নাম লিখা স্বম্বলিত ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
চ) "কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪" এর অনুকূলে ১০০/=মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।

০৩। প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "অন-প্রবেশনে" নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট (Dope Test রিপোর্টসহ), স্বীকৃত চক্ষু বিশেষজ্ঞের নিকট হতে চোখের সুস্থতার সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৪। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের কেউ অথবা তাদের স্বামী/স্ত্রী-দের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যের সত্যতা প্রমাণিত হলে যেকোন সময়ে তার প্রার্থীতা বাতিল করা হবে।।

০৫। প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৭। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্মারক নং- ০৫.০০,০০০, ১৭০,১১,০১৪, ১৪.১৪১, তারিখঃ ২৩/০৭/২০১৪ খ্রিঃ মোতাবেক সরকারের বিদ্যমান সংশোধিত কোটা পদ্ধতি প্রযোজ্য হবে। কুমিল্লা পবিস-৪ এর ভৌগোলিক এলাকা অর্থাৎ কুমিল্লা জেলার লাকসাম (লাকসাম পৌরসভা ব্যতিত), নাঙ্গলকোট ও মনোহরগঞ্জ উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীগন আবেদন করতে পারবেন না।

০৮। অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই। প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। লিখিত/ব্যবহারিক/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মুল কপি দাখিল করতে হবে।

১০। নতুন পদসৃষ্টি, পদোন্নতি, বদলী, কর্মচারীর অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপারগতা ইত্যাদি কারণে উল্লিখিত পদে শুণ্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

১১। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১২। যে কোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বসে গন্য হবে।

২১৬।২৫

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার

<u>অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ করা হলো)(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।</u>

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫। একান্ত সচিব, চেয়ারমান এর দপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
০৭। জেলা প্রশাসক, কুমিল্লা।
০৮। পুলিশ সুপার কুমিল্লা।।
০৯। জেনারেল ম্যানেজার/সিনিয়র জেনারেল ম্যানেজার....................পবিস ২/২/৩/৪।
১০। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম/নাঙ্গালকোট/মনোহরগঞ্জ, কুমিল্লা।
১১। ডিজিএম (সদর দপ্তর-কারিগরী)/নাঙ্গালকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
১২। এজিএম (প্রশাসন/অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি/এইচআর), কুমিল্লা পবিস-৪।
১৩। এজিএম(ওএন্ডএম), জোড্ডা/নাথেরপেটুয়া সাব জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
১৪। এজিএম (আইটি), কুমিল্লা পবিস-৪ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১৫। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-৪।
১৬। অফিস/মাস্টার কপি।

২১৬।২৫

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার

ISO 9001:2015 Certified

ফরম নং-১১০-০০২, ভার্সন-০১, তারিখ-২৭/০৪/২০১৪ খ্রীঃ

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সহকারী ক্যাশিয়ার/ড্রাইভার/কেয়ার টেকার পদে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর আবেদন ফরম (সংশ্লিষ্ট স্থানে প্রার্থীকে স্ব-হস্তে পূরণ করতে হবে)।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তার দ্বারা সত্যায়িত করে ষ্টেপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে

জেনারেল ম্যানেজার
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
লাকসাম, কুমিল্লা।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-**০১/২০২৫**

..................................
২. আবেদনকৃত পদের নাম

৩. পদের ধরন ঃ স্থায়ী ভিত্তিক

..................................
৪. বিজ্ঞাপনের সুত্র/ পত্রিকার নাম

..................................
৫. প্রকাশনার তারিখ

..................................
৬. আবেদনকারীর পূর্ন নাম (বাংলায়)

..................................
(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

..................................
৭.জন্ম তারিখ(এসএসসি পরীক্ষার সনদ/জন্ম নিবন্ধন অনুযায়ী)

..................................
৮. মাতার নাম

..................................
৯. বয়স (৩০/০৬/২০২৫ খ্রিঃ তারিখে)

..................................
১০. পিতার নাম

..................................
১১. ধর্ম

..................................
১২. জাতীয়তা

..................................
১৩. নিজ জেলা

..................................
১৪. টেলিফোন/ মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা- ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬.কোন কোটায় সুবিধা প্রাপ্ত (বক্সের ভিতর খালী অংশে টিক (√) চিহ্ন দিন)ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার কন্যা/ পুত্র

☐ এতিম ও শারিরীক প্রতিবন্ধি ☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

..................................
ক. গ্রাম/সড়ক/বাড়ী

..................................
খ. ডাকঘর

..................................
গ. উপজেলা/থানা

..................................
ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র ( নিয়োগ পত্র/ নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক।

..................................
ক. গ্রাম/সড়ক/বাড়ী

..................................
খ. ডাকঘর

..................................
গ. উপজেলা/থানা

..................................
ঘ. জেলা

.............................................. .............................................. ..............................................

১৯.পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং　　পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল্য　　ইস্যুর তারিখ

২০. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরন (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরন করতে হবে)।

| উর্ত্তীন পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | জিপিএ/সিজিপিএ | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | জিপিএ/ সিজিপিএ স্কেল | প্রাপ্ত জিপিএ/ সিজিপিএ | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২১. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

২২. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিবর্তনের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৩. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত)ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্ব-হস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল তথ্য পূরন করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হলে এবং আমার বিরুদ্ধে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহন করলে আমি তা মানতে বাধ্য থাকব। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদের কপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শন করতে বাধ্য থাকব।

.............................................. ..............................................

তারিখ　　আবেদনকারীর স্বাক্ষর

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

লাকসাম, কুমিল্লা

ISO 9001:2015 Certified

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্টেপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

## লিখিত(এমসিকিউ/রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষা

## প্রবেশ পত্র

**অফিস কর্তৃক পূরণীয়**

প্রার্থীর রোল নম্বর ঃ ................................................

পরীক্ষার তারিখ ঃ ................................................

পরীক্ষার সময় ঃ ................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ................................................

নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরঃ

**প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়**

পদের নাম ঃ-----------------------------------------------------------------------------

প্রার্থীর নামঃ-----------------------------------------------------------------------------

পিতা/স্বামীর নামঃ ---------------------------------------------------------------------

প্রার্থী যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক ঃ-----------------------------------------------------

-----------------------------------------------------------------------------------------------

-----------------------------------------------------------------------------------------------

-----------------------------------------------------------------------

## প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই প্রবেশ পত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহন করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্ন পত্র দেওয়ার পর কোন প্রার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ/কেন্দ্র ত্যাগ করা যাবে না। কোন কারনে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা ত্যাগ করলে পূনঃরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তর পত্র পূরণের জন্য অবশ্যই কালো বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বই পত্র লেখাযুক্ত বা সাদা কাগজ, মুঠোফোন, ক্যালকুলেটর, ক্যামেরা এবং যে কোন ধরনের ইলেক্ট্রনিক ডিভাইজ আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

০৫। চাকুরীর আবেদন পত্রের সাথে মিল রেখে হাজিরা তালিকা, উত্তর পত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্ন পত্র সহ উত্তর পত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরন করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয় ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর কর্তৃপক্ষের নিকট জমা দিবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজন বোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ চান্দিনা, কুমিল্লা